গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-১ শাখা

"শেখ হাসিনার বারতা,
নারী-পুরুষ সমতা"

...

সভাপতি	নাছিমা বেগম এনডিসি সচিব
সভার তারিখ	১৩/০৯/২০১৮ খ্রি:।
সভার সময়	দুপুর ১২:০০ ঘটিকা।
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন নং-০৬), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	সংযুক্তি-০১

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতির অনুমতিক্রমে NIS Focal Point অতিরিক্ত সচিব (প্রশাসন) মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৮-১৯ বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
(ক)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের NIS Focal Point অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৮-১৯ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mowca.gov.bd) দেয়া আছে। তিনি বলেন কর্মপরিকল্পনায় প্রত্যেক শাখা এবং অধিশাখার কাজ নির্ধারিত রয়েছে তা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন। তা-না হলে কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রণালয় পিছিয়ে পড়তে পারে। এ পর্যায়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৮-১৯ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার অভিমত ব্যক্ত করেন। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল দপ্তর/ সংস্থা/ শাখা কর্তৃক Time bound action plan এর মাধ্যমে যথাসময়ে কর্মপরিকল্পনায় গৃহীত কার্যক্রম সম্পন্ন করত: বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পূর্বেই NIS Focal Point এর নিকট দাখিল করা প্রয়োজন।	মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৮-১৯ অনুযায়ী সকল দপ্তর/ সংস্থার প্রধান এবং মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা তাঁর দপ্তর/ শাখা সংশ্লিষ্ট বিষয় যথাসময়ে সম্পন্ন করত: ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে NIS Focal Point এর নিকট দাখিল করবেন এবং মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থার সকল কর্মকর্তা কর্মচারী দায়িত্ব সঠিকভাবে পালন করবেন।	* অতিরিক্ত সচিব (সকল) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় * মহাপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর * নির্বাহী পরিচালক জাতীয় মহিলা সংস্থা * পরিচালক বাংলাদেশ শিশু একাডেমী
(খ)	মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭-এর গেজেট প্রকাশিত হয়েছে। পুরস্কার প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।	সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী পুরস্কার বিতরণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	* অতিরিক্ত সচিব (প্রশাসন), যুগ্ম-সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(গ)	বিভিন্ন সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি এবং বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে দপ্তর/সংস্থা কর্তৃক গণশুনানীর আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গণশুনানীতে সাধারণ জনগণ, সুশীল সমাজ এবং সরকারি কর্মকর্তারা উপস্থিত থাকতে পারেন। এতে কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।	সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি অবহিতকরণ এবং বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে দপ্তর/সংস্থা/ একাডেমী সাধারণ জনগণ, সুশীল সমাজ এবং সরকারি কর্মকর্তাদের উপস্থিতিতে গণশুনানীর আয়োজন করবে।	* মহাপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর * নির্বাহী পরিচালক জাতীয় মহিলা সংস্থা * পরিচালক বাংলাদেশ শিশু একাডেমী
(ঘ)	বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক পরিচালিত বিভিন্ন কোর্স এবং প্রাক-প্রাথমিক সেন্টারে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিস্তারিত আলাচনা হয়।	বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক পরিচালিত সকল কোর্সে এবং প্রাক-প্রাথমিক সকল সেন্টারে শুদ্ধাচার বিষয়ে চলমান প্রশিক্ষণ কার্যক্রম আরো জোরদার করতে হবে।	* পরিচালক বাংলাদেশ শিশু একাডেমী
(ঙ)	এ মন্ত্রণালয় আওতায় পরিচালিত প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রম ই-মনিটরিং করার সুবিধার্থে প্রকল্প/ কর্মসূচি পরিচালকগণকে ইমো/ ভাইবার/ স্কাইপি এর সাহায্যে ই-মনিটরিং করা প্রয়োজন। এতে কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে।	এ মন্ত্রণালয় আওতায় পরিচালিত প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রম ই-মনিটরিং করার সুবিধার্থে প্রকল্প/ কর্মসূচি পরিচালকগণকে ইমো/ ভাইবার/ স্কাইপির মাধ্যমে মন্ত্রণালয়ের পাশাপাশি সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা/ একাডেমীকে ই-মনিটরিং এর ব্যবস্থা করতে হবে।	* অতিরিক্ত সচিব (সকল) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় * মহাপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর * নির্বাহী পরিচালক জাতীয় মহিলা সংস্থা * পরিচালক বাংলাদেশ শিশু একাডেমী

০২। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাছিমা বেগম এনডিসি
সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৮.১৬.০২৪.১৮.২৫২

তারিখ: ৫ আশ্বিন ১৪২৫
২০ সেপ্টেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর
৩) নির্বাহী পরিচালক , জাতীয় মহিলা সংস্থা
৪) যুগ্মসচিব(প্রশাসন/মবিঅ/উন্নয়ন),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।
৫) উপ সচিব/উপ-প্রধান (সকল) ,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৬) পরিচালক, পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমী
৭) সিনিয়র সহকারী সচিব (সকল)/ সিনিয়র সহকারী প্রধান(সকল)/প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮) সহকারী সচিব (সকল)/সহকারী প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ জাহাঙ্গীর হোসেন
উপসচিব